



## গণমাধ্যমের স্বাধীনতা রক্ষায় কার্যকর পদক্ষেপ চায় জামায়াত



জামায়াতে ইসলামীর লগো। ছবি: সংগৃহীত

সাংবাদিকদের নিরাপদ ও বাধাহীন কর্মপরিবেশ নিশ্চিত করার দাবি জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির মতে, গণমাধ্যম স্বাধীন না হলে গণতন্ত্র ও ন্যায়বিচার প্রতিষ্ঠা দুর্বল হয়ে পড়ে।

শনিবার রাতে দেওয়া এক বিবৃতিতে এ আহ্বান জানান দলের সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার। তিনি সাংবাদিক সমাজ, গণমাধ্যমকর্মী ও সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা জানান এবং বলেন, গণমাধ্যম রাষ্ট্রের গুরুত্বপূর্ণ চতুর্থ স্তম্ভ হিসেবে কাজ করে।

তিনি আরও বলেন, জনগণের বাস্তব চিত্র তুলে ধরতে স্বাধীন গণমাধ্যম অপরিহার্য। কিন্তু বাস্তবে অনেক সময় সাংবাদিকরা পেশাগত দায়িত্ব পালনের সময় বাধা, হয়রানি, হামলা-মামলা ও চাপের মুখে পড়েন, যা উদ্বেগজনক।

একটি গণতান্ত্রিক ও জনকল্যাণমুখী রাষ্ট্র গঠনের স্বার্থে সাংবাদিকদের নিরাপত্তা ও মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করা জরুরি বলেও উল্লেখ করেন তিনি।

সরকারের প্রতি আহ্বান জানিয়ে জামায়াত সেক্রেটারি বলেন, গণমাধ্যমের স্বাধীনতা রক্ষা, তথ্যপ্রবাহ স্বচ্ছ রাখা এবং সাংবাদিকদের সুরক্ষায় কার্যকর পদক্ষেপ নিতে হবে। পাশাপাশি গণমাধ্যমকেও দায়িত্বশীল ও নৈতিকতার সঙ্গে সংবাদ পরিবেশনের ওপর গুরুত্ব দিতে হবে।